

শেষনবীর প্রতি আল্লাহর সম্বোধন ও সান্ত্বনা প্রদান

৩ থেকে ১০১ পর্যন্ত ৯৯টি আয়াতে

ইউসুফের কাহিনী বিস্তৃতভাবে বর্ণনা করার

পর আল্লাহ পাক শেষনবী মুহাম্মাদ ছাল্লাল্লাহু

আলাইহে ওয়া সাল্লামকে সম্বোধন করে

বলেন, **ذَلِكَ مِنْ أَنْبَاءِ الْغَيْبِ نُوحِيهِ إِلَيْكَ وَمَا كُنْتَ لَدَيْهِمْ**

إِذْ أَجْمَعُوا أَمْرَهُمْ وَهُمْ يَمْكُرُونَ-

গায়েবী খবর, যা আমরা তোমার কাছে

প্রত্যাদেশ করলাম। তুমি তাদের নিকটে

(অর্থাৎ ইউসুফ ভ্রাতাদের নিকটে) ছিলে না,

যখন তারা তাদের পরিকল্পনা অাঁটছিল
এবং ষড়যন্ত্র করছিল' (ইউসুফ ১২/১০২)।

এর দ্বারা আল্লাহ একথা বুঝাতে চেয়েছেন

যে, প্রায় আড়াই হাজার বছর পূর্বে ঘটে

যাওয়া ইউসুফ ও ইয়াকুব পরিবারের এই

অলৌকিক ঘটনা ও অশ্রুতপূর্ব কাহিনী

সবিস্তারে ও সঠিকভাবে বর্ণনা করা নবুঅতে

মুহাম্মাদীর এক অকাট্য দলীল। কুরআন

অবতরণের পূর্বে এ ঘটনা মক্কাবাসী মোটেই

জানত না। যেমন আল্লাহ অন্যত্র বলেন, **تِلْكَ**

مِنْ أَنْبَاءِ الْغَيْبِ نُوحِيهَا إِلَيْكَ مَا كُنْتَ تَعْلَمُهَا أَنْتَ وَلَا قَوْمُكَ

، مِنْ قَبْلِ هَذَا، 'ইতিপূর্বে (নবীদের) এ সকল
ঘটনা না তুমি জানতে, না তোমার স্বজাতি
জানত' (হূদ ১১/৪৯)। ইমাম বাগাভী (রহঃ)
বলেন, (মদীনা থেকে প্রেরিত) ইহুদী
প্রতিনিধি এবং কুরায়েশ নেতারা
একত্রিতভাবে রাসূলকে ইউসুফ ও ইয়াকুব-
পরিবারের ঘটনাবলী সম্পর্কে জিজ্ঞেস
করেছিল। তাদের প্রশ্নের জবাবে অহীর
মাধ্যমে প্রাপ্ত উপরোক্ত ঘটনাবলী
সুন্দরভাবে বলে দেওয়া সত্ত্বেও এবং তা
তাওরাতের অনুকূলে হওয়া সত্ত্বেও যখন

তারা অবিশ্বাস ও কুফরীতে অটল রইল,
তখন রাসূলুল্লাহ (ছাঃ) অন্তরে দারুন আঘাত
পেলেন। এ সময় আল্লাহ তাঁকে সান্ত্বনা দিয়ে
পরবর্তী আয়াত নাযিল করে বলেন, وَمَا أَكْثَرُ
-النَّاسِ وَلَوْ حَرَصْتَ بِمُؤْمِنِينَ-
কর, অধিকাংশ লোক বিশ্বাস স্থাপনকারী
নয়' (ইউসুফ ১২/১০৩; তাফসীরে বাগাভী)।
অর্থাৎ নবী হিসাবে একমাত্র কাজ হ'ল
প্রচার করা ও সাধ্যমত সংশোধনের চেষ্টা
করা। চেষ্টাকে সফল করার দায়িত্ব বা ক্ষমতা
কোনটাই নবীর এখতিয়ারাধীন নয়। কাজেই

লোকদের অবিশ্বাস বা অস্বীকারে দুঃখ করার
কিছুই নেই। যেমন আল্লাহ অন্যত্র বলেন,

نَحْنُ أَعْلَمُ بِمَا يَقُولُونَ وَمَا أَنْتَ عَلَيْهِمْ بِجَبَّارٍ فَذَكَرَ بِالْقُرْآنِ
مَنْ يَخَافُ وَعِيدِ-

‘তারা যা বলে আমরা তা সম্যক অবগত
আছি। তুমি তাদের উপরে যবরদস্তিকারী
নও। অতএব, যে আমার শাস্তিকে ভয় করে,
তাকে কুরআনের মাধ্যমে উপদেশ দাও’

(ক্বাফ ৫০/৪৫)।